দৈনিক বাংলা

তারিখ 15 FEB 1994
পৃষ্ঠা ৮ কলাম ৫

# প্রধানমন্ত্রী আজ জাতীয় শিক্ষা সপ্তাহ পুরস্কার দেবেন

জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৪-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান আজ ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে যোগদান এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করবেন বলে আশা করা হচ্ছে। খবর বাসসর। শিক্ষামন্ত্রী ব্যরিষ্টার জমির-উদ্দীন সরকার ও শিক্ষা প্রতিমন্ত্রী প্রিন্সি-পাল মুহাম্মদ ইউনুস খান বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানে যোগ দেবেন।

অনুষ্ঠানে দুইটি গ্রুপে ১২টি ইভেন্টে মোট ৭২ জন শিক্ষার্থীকে পুরস্কার প্রদান করা হবে। এছাড়াও ২২টি শিক্ষা প্রতি-ষ্ঠানকে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে পুরস্কৃত করা হবে। ঢাকা, রাজশাহী, খুলনা ও চট্টগ্রাম বিভাগ থেকে ৪টি করে এবং বরিশাল বিভাগ ও ঢাকা মেট্রো-পলিটন এলাকা থেকে ৩টি করে এবং দুইটি পলিটেকনিক্যাল ইনস্টিটিউটকে শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান হিসাবে পুরস্কার প্রদান করা হবে। প্রতি বিভাগের ৬ জন শিক্ষক ও ঢাকা মেট্রোপলিটন এলাকার ৬ জন শিক্ষককে শ্রেষ্ঠ শিক্ষক হিসাবে পুরস্কার প্রদান করা হবে।